গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | শাহ রেজওয়ান হায়াত<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৩ নভেম্বর ২০২২ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | জুম আইডি : 4016395771 ও পাসকোড : dpe123 |
| উপস্থিতি | (সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত) |

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সাধারণ প্রশাসন শাখা

**আলোচ্য বিষয়:**

১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অগ্রগতি ও মাঠপর্যায়ের অংশীজনের করণীয় সংক্রান্ত আলোচনা;

২। আওতাধীন দপ্তর/সংস্থা ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা;

৩। বিবিধ।

মহাপরিচালক মহোদয়ের সম্মতিক্রমে পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু করা হয়। পরিচালক (প্রশাসন) প্রাথ শিক্ষা অধিদপ্তর, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করেন। সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ ও মাঠ পর্যায়ের বিভ উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্ট, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী পিটিআই সুপারিনটেনডেন্ট, উপজেলা f অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক জুম লিংকে সংযুক্ত হয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। আলে শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | অংশগ্রহণকারীর নাম, পদবী ও কর্মস্থল | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জনাব নুরে সুফিয়ান, সহকারী শিক্ষক, সতর সরকারি প্রাথমিক বিদ্যালয়, রংপুর | শিক্ষক তাঁর বক্তব্যে জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চায় নানাবিধ কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদানে বিভিন্ন নীতি বাক্য অনুশীলন, কায়িক পরিশ্রমে আগ্রহী করে তুলতে সামাজিক কাজে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা, গুরুজনদের সম্মান করা, খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক বিকাশ সাধনে এ ধরণের কার্যক্রমগুলো চালিয়ে যাচ্ছেন মর্মে সভাপতিকে অবহিত করেন। পরিচালক (প্রশাসন) বিদ্যালয় পর্যায়ে শুদ্ধাচার নিশ্চিতকরণে উত্তম চর্চাসমূহ অনুশীলনে শিক্ষকগণকে সচেষ্ট থাকতে পরামর্শ প্রদান করেন। | শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: সকল শিক্ষক। |
| ২ | জনাব আব্দুল ওয়াদুদ, প্রধান শিক্ষক, চর ভেলামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নান্দাইল, ময়মনসিংহ | শিক্ষক তাঁর বক্তব্যে জানান যে, তাঁর বিদ্যালয়ে শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে বিদ্যালয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি শিক্ষক বদলির বিষয়টি অনলাইন করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি নীতিমালা সংশোধন করে শিক্ষক ও ছাত্র-ছাত্রীর অনুপাত কমিয়ে আনার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) জানান প্রাথমিক পর্যায়ে অনলাইনভিত্তিক বদলির কার্যক্রমে কিছু জটিলতা হয়েছে। সমস্যাগুলো বিবেচনায় নিয়ে ২য় ধাপে বদলির কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে তিনি সভায় অংশগ্রহণকারীগণকে অবহিত করেন। | শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে শিক্ষকগণকে সর্বদা সচেষ্ট থাকতে হবে। অনলাইনভিত্তিক বদলির কার্যক্রমের জটিলতা ২য় ধাপে নিষ্পন্ন করে বদলির কার্যক্রম গ্রহণ করা হবে।<br>বাস্তবায়ন: সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। |
| ৩ | জনাব ওয়াহিজ্জামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শুদ্ধাচার কার্যক্রমের আওতায় তাঁর ক্লাস্টারের শিখন ঘাটতি পূরণে সাপ্তাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের রিডিং পড়ার দক্ষতা অর্জন করানো হচ্ছে। বর্তমান শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের পরবর্তী ক্লাসে উত্তীর্ণের ক্ষেত্রে মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে স্পষ্ট নির্দেশনা দিতে তিনি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করা ও সঠিকভাবে উপবৃত্তির অর্থ বিতরণ নিশ্চিত করা হচ্ছে। | সকল শিক্ষার্থীর শিখন যোগ্যতা অর্জন নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের পরবর্তী ক্লাসে উত্তীর্ণের ক্ষেত্রে মূল্যায়ন পদ্ধতি সম্পর্কে শীঘ্রই নির্দেশনা প্রদান করা হবে।<br>বাস্তবায়ন: শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ। |

| | | | |
|---|---|---|---|
| ৪ | জনাব সিদ্দিকুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, মাধবপুর, হবিগঞ্জ | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শুদ্ধাচার চর্চায় তাঁর উপজেলার প্রতিটি স্কুলে এবং উপজেলা শিক্ষা অফিসে অভিযোগ বক্স রাখা হয়েছে। সেখানে প্রাপ্ত অভিযোগ/মতামতগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া শিক্ষক বদলি কার্যক্রম অনলাইনে গ্রহণ করায় অনেকাংশে স্বচ্ছতা নিশ্চিত করা সহজ হয়েছে। শিখন ঘাটতি পূরণ, ক্লাস মনিটরিং এবং শিখনফলের বিপরীতে মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। ডোমেইনভিত্তিক শিখনফল অর্জনে সহায়ক কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে। | উপজেলাভিত্তিক সকল কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: উপজেলা শিক্ষা অফিসার (সকল)। |
| ৫ | জনাব উত্তম চক্রবর্তী, সভাপতি, হাটিকুলার সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফরিদপুর। | সভাপতি, হাটিকুলার সরকারি প্রাথমিক বিদ্যালয়, তাঁর বক্তব্যে জানান যে, শিক্ষকগণ শ্রেণিকক্ষে নিয়মিত পাঠদান শেষে সপ্তাহে যদি একদিন মূল্যায়ন করেন তবেই বিদ্যালয়ে শিখন ঘাটতি দূর করা সম্ভব হবে। তিনি লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, খেলাধূলার আয়োজন, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কাবিং কার্যক্রম সম্প্রসারণে বিদ্যালয় পর্যায়ে কার্যক্রম গ্রহণ করেছেন মর্মে সভাপতিকে অবহিত করেন। | শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কার্যক্রমে আগ্রহী করে গড়ে তুলতে হবে।<br>বাস্তবায়ন: শিক্ষক, এসএমসি ও কর্মকর্তাবৃন্দ। |
| ৬ | জনাব মোহন লালদাস, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শিক্ষক বদলি কার্যক্রম অনলাইন করায় মাঠপর্যায়ে কর্মকর্তাদের কাজ অনেক সহজ হয়েছে।তবে বিদ্যমান প্রক্রিয়ায় উপজেলা শিক্ষা অফিসের কোন ভুল/ অসংলগ্ন কিছু থাকলেও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সংশোধন করার সুযোগ থাকে না। সেক্ষেত্রে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের এডমিন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন। এছাড়া তিনি মামলাসমূহ নিষ্পত্তিতে মামলা নিষ্পত্তি মাস ঘোষনা করার প্রস্তাব করেন।সভায় পরিচালক প্রসাশন শিক্ষার্থীদের মাঝে আত্নসম্মানবোধ জাগিয়ে তুলতে শিক্ষকদের পাশাপাশি পিতা- মাতা ও অভিভাবকদেরকেও দায়িত্ব পালনের আহবান জানান। আন্তরিকতা এবং সহনশীল আচরণের মধ্যে দিয়ে প্রতিটি কাজ করতে তিনি কর্মকর্তাদের অনুরোধ জানান। | অনলাইনভিত্তিক শিক্ষক বদলি কার্যক্রমের জটিলতা ২য় ধাপে নিষ্পন্ন করে বদলির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মামলা মোকদ্দোমা নিষ্পত্তি করে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ। |
| ৭ | জনাব আতিকুর রহমান, পিটিআই সুপারিনটেনডেন্ট, যশোর | তিনি তাঁর বক্তব্যে জানান যে, বিভাগীয় নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ইউআরসি ভিজিট এবং প্রশিক্ষণগুলো সঠিকভাবে করা হচ্ছে কি তা সবসময় মনিটরিং করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। | পিটিআই ও ইউআরসি সমূহে আয়োজিত প্রশিক্ষণগুলো সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)। |
| ৮ | জনাব জালাল উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, সিলেট | তিনি তাঁর বক্তব্যে জানান যে, সকল পর্যায়ে শিক্ষার্থীদের লেখা- পড়ার বিষয়টি নিশ্চিত করে পরবর্তী ক্লাসে প্রেরণ করতে কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেছেন। এছাড়া নতুন ভর্তি, বই বিতরণ এবং সঠিকভাবে মূল্যায়ন শেষে শিক্ষার্থীদের শিখনফল অর্জনে যথাযথ ভূমিকা রাখতে কর্মকর্তাদের সাথে সভা করেছেন। | সকল শ্রেণিতে শিক্ষার্থীদের লেখা- পড়ার বিষয়টি নিশ্চিত করে পরবর্তী ক্লাসে উত্তীর্ণ এবং নতুন ভর্তি, বই বিতরণ এবং মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |
| ৯ | মীর্জা মো: হাসান খসরু, বিভাগীয় উপপরিচালক, ঢাকা | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শিক্ষক বদলি সংক্রান্ত সমস্যাগুলো নিয়ে একটি পর্যালোচনা সভা করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। সভা/কর্মশালায় সেবা গ্রহীতাগণের মতামত পর্যালোচনা করে ২য় ধাপে কার্যক্রমটি গ্রহণ করা হলে শিক্ষকগণ আরও সহজে সেবাটি গ্রহণে সক্ষম হবেন। | অনলাইনভিত্তিক শিক্ষক বদলি কার্যক্রমের জটিলতা ২য় ধাপে নিষ্পন্ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (আইএমডি) ও পরিচালক (পলিসি ও অপারেশন)। |
| ১০ | জনাব আব্দুর রহমান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ | তিনি তাঁর বক্তব্যে জানান যে, অধিদপ্তরের শুদ্ধাচার বিষয়ে অনেকগুলো কার্যক্রম গৃহীত হওয়ায় তিনি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানায়। তিনি বলেন বর্তমান পে-স্কেল এ জ্যৈষ্ঠ ও কনিষ্ঠ কর্মকর্তাদের মাঝে বেতন বৈষম্য দেখা গেছে। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) জানান যে, বিষয়টি নিষ্পন্নের জন্য ইতোমধ্যেই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে যা বর্তমানে অর্থ মন্ত্রণালয়ের বিবেচনাধীন রয়েছে। | দাপ্তরিক সমস্যাগুলো নিষ্পত্তির জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন)। |
| ১১ | মোঃ মুজাহিদুল ইসলাম, বিভাগীয় উপপরিচালক, রংপুর | তিনি তাঁর বক্তব্যে জানান যে, শিক্ষার্থী মূল্যায়নে জরুরিভাবে একটি নির্দেশনা মাঠপর্যায়ে প্রেরণ আবশ্যক। তিনি রংপুর বিভাগে সকল অংশীজনের সাথে সম্পর্কের উন্নয়নে তাদের বিভিন্ন কমিটিতে অন্তর্ভূক্তকরণসহ বিভিন্ন ধরণের মতবিনিময় সভা নিয়মিত আয়োজন করছেন। | শিক্ষার্থী মূল্যায়নে খুব শীঘ্রই একটি নির্দেশনা মাঠপর্যায়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (আইএমডি) ও পরিচালক (পলিসি ও অপারেশন)। |

২।		অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সকলের সম্মিলিত প্রচেষ্টায় সমস্যাগুলো সমাধানের উদ্যোগ নিতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন। সরকারের বিভিন্ন নির্দেশনা/পরিপত্র সঠিকভাবে মেনে চলার আহবান জানান। তিনি বলেন মাঠপর্যায়ের সমস্যাগুলো নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর অবহিত আছে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে সংশ্লিষ্ট পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩।		বিবিধ বিষয়ে আলোচনায় সভাপতি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নে আরো সচেষ্ট হও জন্য বিভাগীয় উপপরিচালকদের নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০২.২২.১৪

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৯
২৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (সকল)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

৫) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)

৬) উপজেলা/থানা শিক্ষা অফিসার

৭) ইউআরসি ইন্সট্রাক্টর

৮) অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।

৯) অফিস কপি।

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক